সংবাদ

তারিখ ... 02 OCT 2016 ... পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ২ ...

# ত্রিশালে শিক্ষার্থীদের তিন লাখ গাছের চারা বিতরণ

প্রতিনিধি, ত্রিশাল (ময়মনসিংহ)

সবুজ ত্রিশাল গড়ার লক্ষ্যকে সামনে রেখে উপজেলার ১২ ইউনিয়নের সব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মাঝে গাছের চারা বিতরণ করা হয়েছে। এ লক্ষ্যে শনিবার সকালে স্থানীয় দরিরামপুর নজরুল একাডেমি মাঠে শিক্ষার্থীদের মাঝে গাছের চারা বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন ময়মনসিংহ জেলা প্রশাসক খলিলুর রহমান।

উপজেলা নির্বাহী কর্মকর্তা আবু জাফর রিপনের সভাপতিত্বে এ সময় অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন-ডি ডি এল জি নুরুল আলম রিপন, ত্রিশাল উপজেলা পরিষদের চেয়ারম্যান জয়নাল আবেদীন, ভাইস চেয়ারম্যান আশরাফুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান লুৎফুন্নেছা বিউটি প্রমুখ। অপর দিকে উপজেলার ধানীখোলা উচ্চ বিদ্যালয় মাঠে চারা বিতরণ করেন অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেট আরিফ হোসেন,উপজেলার বালিপাড়া ইউনিয়নের বিয়ারা- পাটুলী,কানিহারী ইউনিয়নের আহাম্মদাবাদ উচ্চ বিদ্যালয় মাঠে চারা বিতরণ করেন ত্রিশাল উপজেলা সহকারী কমিশনার (ভূমি) আব্দুল্লাহ আল মামুন। এছাড়া উপজেলার অন্যান্য ইউনিয়নেও এক যোগে চারা বিতরণ করা হয়। সবুজ ত্রিশাল গড়ার উদ্যোক্তা ত্রিশাল উপজেলা নির্বাহী কর্মকর্তা আবু জাফর রিপন জানান-শনিবার উপজেলার ১২ ইউনিয়নে এক যোগে ১ লাখ ৭০ হাজার গাছের চারা বিতরণ করা হয়। এর ত্রিশালে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মাঝে ১ লাখ ৩৫ হাজার গাছের চারা বিতরণ করায় ত্রিশালে মোট ৩ লাখ ৫ হাজার চারা বিতরণ হলো।